



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০০৬.১০.১৯-২২৬

তারিখঃ

১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

৩১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের উচ্চতর গ্রেড প্রদান।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২০.৪১১,

তারিখ-২৯.১০.২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৫.৫ অনুচ্ছেদে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ তাদের এমপিওভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরি পূর্ণ হলে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন মর্মে উল্লেখ আছে।

খ. প্রতিদিন বিপুল সংখ্যক সেবা প্রার্থী উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন করছেন। কিন্তু কোন সুনির্দিষ্ট ও সুস্পষ্ট নির্দেশনা না থাকায় আবেদন নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে, একই বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৯.৮৯, তারিখ-০৭ জুন ২০২০ খ্রি. এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের স্পষ্টীকরণসহ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে যথাযথ নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ. কিন্তু একইরূপ সমস্যার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে সুস্পষ্ট/সুনির্দিষ্ট নির্দেশনা না দেয়ায় সেবা প্রার্থী উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০২। এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের উচ্চতর গ্রেড প্রদান বিষয়ে সুস্পষ্ট/সুনির্দিষ্ট নির্দেশনা প্রদানের জন্য মহোদয় কর্তৃক TMED-কে অনুরোধ জানানো হয়েছে।

০৩। উল্লেখ্য, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১১.৫ অনুচ্ছেদে উল্লেখ আছে, “শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ তাদের এমপিওভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরি পূর্ণ হলে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ বছর পর একইভাবে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ০৬ বছর চাকুরি পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরি জীবনে দুটির বেশী উচ্চতর গ্রেড/টাইম স্কেল (যে নামেই অভিহিত হউক না কেন) প্রাপ্য হবেন না।

০৪। আরো উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১১.৫ এ সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও এবং নীতিমালায় বর্ণিত উক্ত বিধান প্রতিপালনে কী অসুবিধা বাধা বা অস্পষ্টতা রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ না করে সদয় নির্দেশনা কামনা করা হয়েছে যা সঠিক হয়নি। এ বিষয়ে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৭৪ নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না।


০৫। এক্ষণে এ বিষয়ে DG, DME কর্তৃক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

ক. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৫.৫ অনুচ্ছেদের বিধান অনুসরণ এবং বাস্তবায়নে কি কি প্রতিবন্ধকতা রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে পত্র প্রেরণ;

খ. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধি ৬ অনুচ্ছেদ মতে (DG, DME এর এখতিয়ার সংক্রান্ত বিধায়) এ বিষয়ে ব্যবস্থা গ্রহণক্রমে TMED কে অবহিতকরণ;

গ. সকল দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৭২-১৭৪ নির্দেশনা অনুসরণ।

৬। এমতাবস্থায়, উপরিউক্ত মতে (অনুচ্ছেদ-৫ এ বর্ণিত) ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২০.০১.২০২১ তারিখের মধ্যে TMED-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(মো: আবদুর রহমান)

উপসচিব (মাদ্রাসা-১)

ফোনঃ ৯৫৫৮৫৫৩

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্র টিওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিসকপি/মাস্টারকপি।